



## কাতার খালেদা জিয়ার চিকিৎসায় এয়ার অ্যান্ডুলেন্স পাঠাতে প্রস্তুত



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার উন্নত চিকিৎসার জন্য কাতার সরকার এয়ার অ্যান্ডুলেন্স পাঠাতে প্রস্তুত। বৃহস্পতিবার দেশটির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এ তথ্য জানানো হয়েছে।

এর আগে ২৯ নভেম্বর বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর কাতার সরকারের কাছে খালেদা জিয়ার চিকিৎসায় সহযোগিতার আবেদন জানিয়ে চিঠি পাঠান। সে সময় কাতার ইতিবাচক মনোভাব প্রকাশ করেছিল।

খালেদা জিয়ার সর্বশেষ স্বাস্থ্য পরিস্থিতি পর্যালোচনা করতে যুক্তরাজ্য থেকে আসা বিশেষজ্ঞ চিকিৎসক ড. রিচার্ড বিল এভারকেয়ার হাসপাতালে অবস্থান করছেন। তিনি খালেদা জিয়ার পরীক্ষার রিপোর্টগুলো খতিয়ে দেখেছেন। দুপুরে তার ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন সাংবাদিকদের হাসপাতালে ব্রিফিং করে অবস্থা তুলে ধরবেন।

এর আগে বুধবার লন্ডন থেকে চার সদস্যের বিশেষজ্ঞ মেডিকেল টিম ঢাকায় এসে চিকিৎসা কার্যক্রমে যুক্ত হয়েছে। তারা স্থানীয় মেডিকেল টিমের সঙ্গে আলোচনা করে চিকিৎসার পরবর্তী ধাপ ঠিক করেছেন।

ওইদিন সন্ধ্যায় অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস এভারকেয়ার হাসপাতালে গিয়ে খালেদা জিয়ার স্বাস্থ্য বিষয়ে খোঁজ নেন। তিনি পরিবারের সদস্য ও দলের নেতাদের ধৈর্য ধরার আহ্বান জানান।

৮০ বছর বয়সী খালেদা জিয়া দীর্ঘদিন ধরে হৃদরোগ, ডায়াবেটিস, আর্থ্রাইটিস, লিভার সিরোসিস ও কিডনির জটিলতা নিয়ে ভুগছেন। শ্বাসকষ্ট দেখা দিলে গত ২৩ নভেম্বর রাতে তাকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে দেশি-বিদেশি বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে।